৮

# মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি **ফেব্রুয়ারী/২০২৫খ্রিঃ** মাসের সভার কার্য বিবরণী।

সভাপতিঃ মোঃ কামরুজ্জামান সরকার

উপজেলা নির্বাহী অফিসার,খানসামা, দিনাজপুর।

স্থানঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, খানসামা, দিনাজপুর।

তারিখঃ ১০/০২/২০২৫খ্রিঃ

সময়ঃ সকাল ১১.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর

| ক্রঃ নং | নাম ও পদবী | সভার পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | **মোঃ কামরুজ্জামান সরকার**<br>উপজেলা নির্বাহী অফিসার ,খানসামা, দিনাজপুর। | সভাপতি | |
| ০২ | মোঃ রিয়াজুল ইসলাম<br>চেয়ারম্যান ,২ নং ভেড়ভেড়ী ইউপি | সদস্য | (স্বাক্ষরিত) |
| ০৩ | মোঃ আবুবক্কর সিদ্দিক চৌধুরী<br>চেয়ারম্যান,৪ নং খামারপাড়া ইউপি | সদস্য | (স্বাক্ষরিত) |
| ০৪ | জনাব, মোঃ মশিউর রহমান ফারুক<br>মৎস্যজীবী,দুহশুহ,খানসামা,দিনাজপুর। | সদস্য (কো-অপ্ট) | (স্বাক্ষরিত) |
| ০৫ | জনাব, মোঃ জয়নাল আবেদিন<br>সফল খামারী(গবাদিপশু)ছাতিয়ানগড়,খানসামা,দিনাজপুর। | সদস্য (কো-অপ্ট) | (স্বাক্ষরিত) |
| ০৬ | জনাব, ভারতী রাণী সূত্রধর<br>সফল খামারী(গবাদিপশু)ছাতিয়ানগড়,খানসামা,দিনাজপুর। | সদস্য (কো-অপ্ট) | (স্বাক্ষরিত) |
| ০৭ | জনাব, ডাঃ রতন কুমার ঘোষ<br>উপজেলা প্রাণিসম্পদ অফিসার | সদস্য সচিব | (স্বাক্ষরিত) |

আলোচ্য সূচীঃ

১। প্রাণিসম্পদ বিভাগের আলোচনা।

২। মৎস্য বিভাগের আলোচনা।

৩। বিবিধ।

সভাপতি সভার শুরুতে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন এবং আলোচ্য সূচী অনুযায়ী সভার বিষয় উপস্থাপনের জন্য কমিটির সদস্য সচিব, উপজেলা প্রাণিসম্পদ অফিসার, খানসামা, দিনাজপুরকে আহ্বান জানান।

সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব, উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভার সূচী উপস্থাপন করেন।

**প্রাণিসম্পদ বিভাগের আলোচনাঃ**

উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান যে, এখানে অপারেশন থিয়েটার না থাকায় খামারীরা গবাদি পশুর অপারেশন সংক্রান্ত সেবা সঠিক ভাবে পাচ্ছেন না। তাই উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প( ইউজিডিপি) এর আওতায়/সহায়তায় অপারেশন থিয়েটার করা গেলে খামারীরা উপকৃত হবেন এই মর্মে সভার সকল সদস্য একমত পোষণ করেন। অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

**মৎস্য বিভাগের আলোচনাঃ**

উপজেলা মৎস্য আফিসার সভায় জানান যে, খানসামা উপজেলায় কয়েকটি মৎস্য অভয়াশ্রম করা প্রয়োজন এবং কার্প জাতীয় মাছের সাথে কৈ, শিং ও মাগুড় মাছের চাষ একটি লাভজনক মাছ চাষ পদ্ধতি। উপজেলায় মৎস্য চাষীরা আধুনিক পদ্ধতিতে কার্প জাতীয় মাছের সাথে কৈ, শিং ও মাগুড় মাছ চাষ বিষয়ে যথাযথ জ্ঞান না থাকায় আশানুরূপ উৎপাদন করতে পারছে না। অনেক ক্ষেত্রে অর্থনৈতিক ভাবে ক্ষতির সম্মুখিন হচ্ছেন।উপজেলা মৎস্য অফিস হতে প্রশিক্ষনের পর্যাপ্ত বরাদ্দ না থাকায় মৎস্য চাষীকে কার্পের সাথে কৈ, শিং, মাগুর মাছ চাষ প্রশিক্ষন দেয়া সম্ভব হয় না। তাই উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকলপ (ইউজিডিপি) এর আওতায়/সহায়তায় মাছ চাষীগনকে প্রশিক্ষনের ব্যবস্থা গ্রহন করা হলে তারা উপকৃত হবে মর্মে সভার সকল সদস্য একমত পোষন করেন। অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

(স্বাক্ষরিত) ১০/০২/২৫

(মোঃ কামরুজ্জামান সরকার)
সভাপতি
মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি
উপজেলা নির্বাহী অফিসার
খানসামা, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
খানাসামা, দিনাজপুর।

স্মারক নং-৩৩.০১.২৭৬০.০০০.০৬.০০১.২৫- ৯৫

তারিখঃ- ১০/০২/২০২৫খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলঃ

০১। উপজেলা নির্বাহী অফিসার ,খানসামা, দিনাজপুর।।

০২। অফিস কপি।

(স্বাক্ষরিত) ১০/০২/২৫

ডাঃ রতন কুমার ঘোষ
উপজেলা প্রাণিসম্পদ অফিসার
খানসামা,দিনাজপুর।